

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপেক্স
বাড়ী নং-১৯/ডি, রোড নং-৬,
ধানমন্ডি, ঢাকা-১২০৫।

০৩.০৬.২৬১৬.৩১৫.৬২.০০০.২০/ ৬৪

৩০ পৌষ ১৪২৭
১৪ জানুয়ারি ২০২১

নতুন তালিকাভুক্তি ও লাইসেন্স নবায়নের বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অধীনস্থ ইপিজেডের শিল্প প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত কাজে (গ্রুপ অনুযায়ী) তালিকাভুক্তি/লাইসেন্স প্রদানের জন্য আহ্বানী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

কাজের ধরণ :

গ্রুপ -ক : Wastage/Garbage ক্রয়।

গ্রুপ -খ : খাদ্য দ্রব্য এবং কেমিষ্ট্রি সামগ্রী সরবরাহ।

গ্রুপ -গ : স্টেশনারী, অফিস ইকুইপমেন্ট, এক্সেসরিজ (Accessories) এবং অন্যান্য সরবরাহ।

গ্রুপ -ঘ : ভাড়ায় যানবাহন সরবরাহ।

গ্রুপ -ঙ : নিরাপত্তা কর্মী সরবরাহ।

গ্রুপ-চ : যেকোন ধরনের নির্মাণ ঠিকাদারী কাজ (পূর্তকাজ, বৈদ্যুতিক ও যান্ত্রিক)।

গ্রুপ -ছ : পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী সরবরাহ।

গ্রুপ-জ : বিবিধঃ উপর্যুক্ত ০৭ (সাত) টি গ্রুপের নির্ধারিত কাজ ব্যতীত অন্য যে কোন কাজ।

(ক) নতুন তালিকাভুক্তি :

- (১) তালিকাভুক্তির নির্ধারিত আবেদন ফরম (নীতিমালাসহ) আগামী ১১ মার্চ, ২০২১ পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ১০০০.০০ (এক হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) বেপজার নির্বাহী দপ্তর এবং সকল ইপিজেডের হিসাব শাখা হতে ক্রয় করা যাবে। আবেদনপত্র ২৫ মার্চ, ২০২১ তারিখের মধ্যে নির্বাহী দপ্তর/সংশ্লিষ্ট জোনে জমা দেয়া যাবে।
- (২) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্তি/লাইসেন্স প্রাপ্তির জন্য বেপজার অনুকূলে জামানত হিসেবে আবেদনপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডারের মাধ্যমে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা (ফেরতযোগ্য) জমা দিতে হবে। বাতিলকৃত আবেদনের জামানতের টাকা ফেরত দেয়া হবে। যোগ্য আবেদনের জামানতের টাকা তার লাইসেন্স কার্যকর (নীতিমালা অনুযায়ী) থাকা পর্যন্ত নিরাপত্তা জামানত হিসেবে বেপজাতে জমা থাকবে।
- (৩) প্রতিটি গ্রুপের জন্য পৃথক পৃথকভাবে তালিকাভুক্তি/লাইসেন্স গ্রহণ করতে হবে। নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখের মধ্যে (যা পরে জানানো হবে) লাইসেন্স ফি বাবদ(অফেরত যোগ্য) ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নগদ/পে-অর্ডার আকারে জমা দিতে হবে।
- (৪) প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হবে ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২। তবে সন্তোষজনক কার্য সম্পাদনের ভিত্তিতে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে পরবর্তী অর্থ বছরের জন্য উক্ত লাইসেন্স নবায়ন করা যাবে। প্রদত্ত এ লাইসেন্স কোনভাবেই হস্তান্তরযোগ্য নয় এবং মালিকানা পরিবর্তন যোগ্য নয়।
- (৫) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

(খ) নবায়ন :

- (৬) ইতোপূর্বে যে সকল ব্যক্তি / প্রতিষ্ঠানকে তালিকাভুক্তি/লাইসেন্স প্রদান করা হয়েছে অর্থাৎ যে সমস্ত তালিকাভুক্তি/ লাইসেন্সের মেয়াদ ৩০-০৬-২০২১ পর্যন্ত বহাল রয়েছে তারা আগামী ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে (কোন প্রকার বিলম্ব ফি ব্যতীত) বেপজা নির্বাহী দপ্তরে এবং সংশ্লিষ্ট জোনে নবায়ন ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নবায়নের আবেদন করতে হবে। এতদব্যতীত বর্ণিত কোন প্রতিষ্ঠান উল্লিখিত তারিখের পরে, বেপজা কর্তৃক নির্ধারিত বিলম্ব ফি প্রদান করে নবায়ন যোগ্য লাইসেন্সসমূহ নবায়নের জন্য আবেদন করতে পারবে।
- (৭) সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট প্রযোজ্য হবে।
- (৮) এ বিজ্ঞপ্তিটি বেপজা ওয়েব সাইটে (www.bepza.gov.bd) প্রকাশিত হয়েছে।

স্বাঃ

(মোঃ খুরশিদ আলম)

মহাব্যবস্থাপক (এন্টারপ্রাইজ সার্ভিসেস)

৮৮-০২-৯৬৬৫৫১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (বিউ/প্রকৌশল/অর্থ), বেপজা, ঢাকা।
- ২। সচিব, বেপজা, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (নিরাপত্তা/প্রধান প্রকৌশলী/রক্ষণাবেক্ষণ/বিউ/প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা/ অডিট), বেপজা, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক (জনসংযোগ) বহুল প্রচারিত ৩টি জাতীয় দৈনিক পত্রিকায় (২টি বাংলা ও ১টি ইংরেজী) বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। মহাব্যবস্থাপক, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ আদমজী/ মংলা/ ঈশ্বরদী/ উত্তরা/ কর্ণফুলী ইপিজেড : বিজ্ঞপ্তিটি সকল শিল্প প্রতিষ্ঠানে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ✓ ৬। ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক (এমআইএস) (বেপজার ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। উপ-মহাব্যবস্থাপক (গোয়েন্দা), বেপজা, ঢাকা।
- ৮। একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান মহোদয়, বেপজা, ঢাকা।
- ৯। নথি।

Handwritten signature and date: 14.07.2021

মহাব্যবস্থাপক (এন্টারপ্রাইজ সার্ভিসেস)

Handwritten signature and date: CP. PL Latue n/a. 14/07/2021